দৈনিক বাংলা

তারিখ ৩।১১।৭৯
পৃষ্ঠা ... কলাম ...



## পার্বত্য চট্টগ্রামের জনসভায় প্রেসিডেন্ট জিয়ার আহ্বান

# খাদ্যোৎপাদন বাড়াতে খাল খননে অংশ নিন

পার্বত্য চট্টগ্রাম, ২রা নবেম্বর (বাসস)।—প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ এখানে বাবুছরা ও মাটিরাঙ্গা দুটো জনসভায় ভাষণ দেন।

প্রেসিডেন্ট খাদ্য উৎপাদন দ্বিগুণ করার লক্ষ্যে দেশব্যাপী খাল খনন কর্মসূচীর দ্বিতীয় পর্যায়ে আন্তরিক ও সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, গত বছর এক কর্মসূচীর অধীনে যে সাফল্য অর্জিত হয়েছে, তাতে স্বনির্ভরতার ভিত্তিতে এ ধরনের আরো উদ্যোগ গ্রহণের জন্য জনগণ বিপুলভাবে অনুপ্রাণিত হয়েছে। তিনি এ আশা ব্যক্ত করেন যে খাল খনন কর্মসূচী সাফল্যজনকভাবে বাস্তবায়িত হলে সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যেই দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করবে।

ফসলের বর্তমান ভাল অবস্থায় সন্তোষ প্রকাশ করে প্রেসিডেন্ট জিয়া উল্লেখ করেন যে গত বছরের খাল খনন কর্মসূচীর কারণেই শুধুমাত্র এটা সম্ভব হয়েছে। ফসলের অধিক ফলনের জন্য কঠোর পরিশ্রম করার তিনি দেশবাসীকে অভিনন্দন জানান।

প্রেসিডেন্ট বলেন, খাদ্য উৎপাদন দ্বিগুণ করে আমরা আমাদের নিজেদের চাহিদা পূরণ করেও উদ্বৃত্ত খাদ্যশস্য রফতানী করে এমনকি আমরা বৈদেশিক মুদ্রাও আয় করতে পারি।

মজুদকরণ সুযোগ-সুবিধা সম্প্রসারণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে প্রেসিডেন্ট জিয়া গ্রাম পর্যায়ে দেশী মালমশলা দিয়ে খাদ্যগুদাম তৈরি করতে জনগণকে পরামর্শ দেন।

জাতীয় উন্নয়ন প্রচেষ্টার অবাধ অগ্রগতি নিশ্চিত করতে গণশিক্ষা কেন্দ্র খুলে তার মাধ্যমে নিরক্ষর লোকদের শিক্ষিত করে তোলার ও পরিবার পরিকল্পনা কর্মসূচী গ্রহণ করার প্রয়োজনীয়তার ওপর তিনি বিশেষ গুরুত্ব আরোপ করেন।

পরে তিনি মাটিরাঙ্গায় গণশিক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

ইতিপূর্বে প্রেসিডেন্ট দিঘীনালায় স্থানীয় সেনা ইউনিটসমূহ পরিদর্শন করেন।

জওয়ান ও অফিসারদের উদ্দেশে ভাষণ দানকালে তিনি তাদের নিষ্ঠা ও কঠোর পরিশ্রমের প্রশংসা করেন। তিনি অব্যাহত প্রশিক্ষণের প্রয়োজনীয়তার ওপরও গুরুত্ব আরোপ করেন।




যানবাহন হরতালের প্রতিবাদে জাতীয়তাবাদী শ্রমিক দলের বিরাট মিছিলের একাংশ। মিছিলটি গতকাল শহরের বিভিন্ন রাজপথ প্রদক্ষিণ করে।
—দৈনিক বাংলা